“যে খাবারে আল্লাহর নাম নেওয়া হয়নি, শয়তান সে খাদ্যকে হালাল মনে করে

হুযাইফা রদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন: আমরা যখন আল্লাহর রাসূল-এর সঙ্গে আহারে বসতাম, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম খাবারে হাত রেখে শুরু না করা পর্যন্ত আমরা তাতে হাত রাখতাম না (এবং আহার শুরু করতাম না)। একদা আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে খাবারে উপস্থিত ছিলাম। হঠাৎ একটি বাচ্চা মেয়ে এমনভাবে এল, যেন তাকে (পিছন থেকে) ধাক্কা দেওয়া হচ্ছিল এবং সে নিজ হাত খাবারে দিতে উদ্যত হয়েছিল, এমন অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তার হাত ধরে নিলেন। তারপর এক বেদুঈনও (তদ্রূপ দ্রুত বেগে) এল, যেন তাকে ধাক্কা মারা হচ্ছিল (সেও খাবারে হাত রাখতে উদ্যত হলে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তার হাতও ধরে নিলেন এবং বললেন, “যে খাবারে আল্লাহর নাম নেওয়া হয়নি, শয়তান সে খাদ্যকে হালাল মনে করে। আর এ মেয়েটিকে শয়তানই নিয়ে এসেছে, যাতে ওর বদৌলতে নিজের জন্য খাদ্য হালাল করতে পারে। কিন্তু আমি তার হাত ধরে ফেললাম। তারপর সে বেদুঈনকে নিয়ে এল, যাতে ওর দ্বারা খাদ্য হালাল করতে পারে। কিন্তু আমি ওর হাতও ধরে নিলাম। সেই মহান সত্তার কসম! যার হাতে আমার প্রাণ আছে, শয়তানের হাত তাদের দু’জনের
হাতের সঙ্গে আমার হাতে আটকা পড়েছে”। [সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

হুযাইফা রাদিয়াল্লাহু আনহু বলেন, যখন তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে খাবারে উপস্থিত হতেন, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর হাত না দেওয়া পর্যন্ত তারা তাতে হাত দিতেন না। একবার আমরা তাঁর সাথে খাবারে হাজির হয়েছিলাম আর একটা ছোট মেয়ে এলো, যেন তাকে ধাক্কা দেওয়া হচ্ছে, তাই সে খাবারে হাত দিতে গেল, কিন্তু আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তার হাত ধরে ফেললেন। তারপর একজন বেদুইন এমনভাবে এলো যেন তাকে ধাক্কা দেওয়া হচ্ছে এবং খাবার স্পর্শ করার আগে তিনি তার হাত ধরে ফেললেন। আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন: যদি কেউ আল্লাহর নাম না নিয়ে খাবার খেতে শুরু করে, তাহলে শয়তান খাবার খেতে সক্ষম হয়। সে এই মেয়েটিকে নিয়ে এসেছে যাতে তার মাধ্যমে খাবার খেতে সক্ষম হয়। তাই আমি তার হাত ধরে ফেললাম। তারপর সে এই বেদুইনকে নিয়ে এল যাতে তার মাধ্যমে খাবার খেতে সক্ষম হয়, তাই আমি তার হাত ধরে ফেললাম। যার হাতে আমার প্রাণ, সেই সত্তার শপথ, শয়তানের হাত তার সাথে আমার হাতেও আছে। তারপর তিনি আল্লাহর নাম উচ্চারণ করলেন এবং খেলেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3507